(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী
bbs.rajshahi.gov.bd

স্মারক নং-৫২.০১.৮১০০.০০০.৫০.০৮২.২০- **৩৮৩**

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪২৮
১২ আগস্ট, ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত ও শূণ্য পদের বিপরীতে শুধুমাত্র রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী শিক্ষিত বেকার যুবক/ যুবা মহিলাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|
| ০১) | সুপারভাইজার | ১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং অ্যান্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে।<br>৩) CAPI পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২) | তথ্যসংগ্রহকারী | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং অ্যান্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে।<br>৩) CAPI পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। |

**শূণ্য পদের তালিকা :** (ওয়ার্ড ভিত্তিক)

| সিটি ওয়ার্ড নং | সুপারভাইজার | তথ্যসংগ্রহকারী | সিটি ওয়ার্ড নং | সুপারভাইজার | তথ্যসংগ্রহকারী | সিটি ওয়ার্ড নং | সুপারভাইজার | তথ্যসংগ্রহকারী |
|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়ার্ড নং ০১ | ০ | ১৬ | ওয়ার্ড নং ১১ | ০ | ৫ | ওয়ার্ড নং ২১ | ৩ | ১৭ |
| ওয়ার্ড নং ০২ | ২ | ২১ | ওয়ার্ড নং ১২ | ১ | ৫ | ওয়ার্ড নং ২২ | ২ | ১১ |
| ওয়ার্ড নং ০৩ | ৮ | ২০ | ওয়ার্ড নং ১৩ | ২ | ৬ | ওয়ার্ড নং ২৩ | ২ | ১০ |
| ওয়ার্ড নং ০৪ | ৩ | ১০ | ওয়ার্ড নং ১৪ | ৫ | ১৮ | ওয়ার্ড নং ২৪ | ২ | ২০ |
| ওয়ার্ড নং ০৫ | ৪ | ২১ | ওয়ার্ড নং ১৫ | ২ | ৬ | ওয়ার্ড নং ২৫ | ২ | ৩ |
| ওয়ার্ড নং ০৬ | ৪ | ১৮ | ওয়ার্ড নং ১৬ | ৪ | ১২ | ওয়ার্ড নং ২৬ | ৪ | ১৯ |
| ওয়ার্ড নং ০৭ | ৪ | ১৯ | ওয়ার্ড নং ১৭ | ৪ | ১৭ | ওয়ার্ড নং ২৭ | ৩ | ১১ |
| ওয়ার্ড নং ০৮ | ১ | ৫ | ওয়ার্ড নং ১৮ | ১ | ৯ | ওয়ার্ড নং ২৮ | ২ | ১৬ |
| ওয়ার্ড নং ০৯ | ৩ | ১১ | ওয়ার্ড নং ১৯ | ৩ | ২৫ | ওয়ার্ড নং ২৯ | ২ | ১০ |
| ওয়ার্ড নং ১০ | ২ | ১৭ | ওয়ার্ড নং ২০ | ০ | ০ | ওয়ার্ড নং ৩০ | ৫ | ৩০ |

**শর্তাবলী:**

১) মূল শুমারিতে (২৫-৩১ অক্টোবর, ২০২১) প্রতি তথ্যসংগ্রহকারী মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন। একজন সুপাভাইজার ৫-৬ জন তথ্যসংগ্রহকারীর কাজ তদারকীর দায়িত্বে থাকবেন। শুমারি কর্মীগণ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র শুমারি কার্যক্রম চলাকালীন নিয়োজিত থাকবেন।
২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।
৩) শুমারি চলাকালীন প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
৪) একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
৫) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ ও অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং ১ কপি সদ্য তোলা (পাসপোর্ট সাইজ) সত্যায়িত ছবি আবেদনের সাথে জমা দিতে হবে।
৬) উপস্থাপিত কাগজপত্রের ভিত্তিতে কেবলমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থী পরবর্তীতে আবশ্যিক ভাবে নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবেন। এছাড়াও ০৩ মার্চ-২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত নির্বাচনী পরীক্ষায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকেও নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করতে হবে। ই-ট্রেনিং এ সফল হলেই কেবল শুমারিতে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী হিসেবে চূড়ান্তভাবে মনোনয়ন প্রদান করা হবে।
৭) আবেদন ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর ওয়েবসাইট **(bbs.rajshahi.gov.bd)** থেকে ডাউনলোড/ সংগ্রহ করে স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
৮) সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর **পদের নাম** এবং সিটি কর্পোরেশন **ওয়ার্ড নম্বর** উল্লেখপূর্বক আগামী **২০/০৮/২০২১ খ্রি:** তারিখের মধ্যে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর নির্ধারিত বাক্সে অফিস চলাকালীন পৌঁছাতে হবে।
৯) ওয়ার্ড ভিত্তিক নির্বাচিত প্রার্থীদের তালিকা রাজশাহী সিটি কর্পোরেশনের নোটিশ বোর্ডে/জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
১০) তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক/পারিতোষিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রকল্প দপ্তর হতে প্রদান করা হবে।
১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
ও
সভাপতি
"জনশুমারি ও গৃহগণনা-২০২১" প্রকল্পের শুমারি কর্মী নির্বাচন সংক্রান্ত
যাচাই-বাছাই কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।